

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১০, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১০ ডিসেম্বর, ২০১২/২৬ অগ্রহায়ণ, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১০ ডিসেম্বর, ২০১২/২৬ অগ্রহায়ণ, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১২ সনের ৪৪ নং আইন

Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 এর
অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Act, 2012 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **President's Order No. 46 of 1972** এ নূতন **Article 6A** এর সন্নিবেশ।—
Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 6 এর পর নিম্নরূপ নূতন Article 6A সন্নিবেশিত হইবে, যথা :—

“6A. There shall be a Secretary of the Bar Council appointed by the Government from amongst the District Judges or Additional District Judges on such terms and conditions as may be determined by it.”।

(১৯৭৮৯৫)

মূল্য ঃ টাকা ৪.০০

৩। **President's Order No. 46 of 1972** এর **Article 7** এর বিলোপ।—উক্ত Order এর Article 7 বিলুপ্ত হইবে।

৪। **President's Order No. 46 of 1972** এর **Article 11** এর সংশোধন।—উক্ত Order এর Article 11 এর clause (1) এর sub-clause (b) বিলুপ্ত হইবে।

৫। **President's Order No. 46 of 1972** এ নূতন **Article 11B** এর সন্নিবেশ।—উক্ত Order এর বিলুপ্ত Article 11A এর পর নিম্নরূপ নূতন Article 11B সন্নিবেশিত হইবে, যথা:—

“11B. (1) Notwithstanding anything contained in any other law for the time being in force or in this Order or rules made thereunder, there shall be an enrolment committee consisting of following members for the enrolment of Advocates desiring to practice in the High Court Division of the Supreme Court or any other Court subordinate to it, namely:—

- (a) a Chairman to be nominated by the Chief Justice from amongst the Judges of the Appellate Division;
- (b) two members to be nominated by the Chief Justice from amongst the Judges of the High Court Division;
- (c) Attorney-General for Bangladesh;
- (d) one member elected by the Bar Council from amongst its members.

(2) The procedure of the enrolment of Advocates and the business of the enrolment committee shall be regulated in such manner as may be determined by it.”।

৬। **President's Order No. 46 of 1972** এর **Article 40** এর সংশোধন।—উক্ত Order এর Article 40 এর clause (1) এর পরিবর্তে নিম্নরূপ clause (1) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(1) The Bar Council may, with the prior approval of the Government, by notification in the official Gazette, make rules to carry out the purposes of this Order.”।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Ordinance, 2012 (২০১২ সনের ৯ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন কৃত বা গৃহীত কার্যক্রম চলমান থাকিলে উহা এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উহা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে।

মোঃ মাহফুজুর রহমান

ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd